# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৬৭

৩/ নিয়্যাত

পরিচ্ছেদঃ নিয়ত ও ইখলাস সম্পর্কিত হাদীসসমূহ

আরবী

وَعَنْ أَبِي العبَّاسِ عَبدِ اللهِ بنِ عَبَّاسِ بنِ عَبدِ المُطَّلِب رَضِيَ اللهُ عَنهما عَن رَسُول الله ﷺ فِيمَا يَروِي عَن رَبِّهِ تَبَارَكَ وَتَعَالى قَالَ إنَّ اللهَ كَتَبَ الحَسنَات والسَّيِّئَات ثُمَّ بَيَّنَ ذلِك فَمَنْ هَمَّ بحَسَنَةٍ فَلَمْ يَعْمَلْهَا كَتَبها اللهُ تَبارَك وتَعالى عَندَهُ حَسَنَةً كامِلَةً وَإنْ هَمَّ بها فَعَمِلَهَا كَتَبهَا اللهُ عَشْرَ حَسنَاتٍ إلى سَبْعمئة ضِعْفٍ إلى أَضعَافٍ كَثِيرةٍ وإنْ هَمَّ بِسَيِّئَةٍ فَلَمْ يَعْمَلْهَا كَتبَهَا اللهُ تَعالَى عَندهُ حَسَنَةً كامِلةً وَإنْ هَمَّ بِهَا فَعمِلَهَا كَتبَها اللهُ سَيِئَةً وَاحِدَةً مُتَّفَقٌ عليهِ

বাংলা

(১৬৭) আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর বরকতময় মহান প্রভু থেকে বর্ণনা করেছেন, তিনি বলেন যে, নিশ্চয় আল্লাহ পুণ্যসমূহ ও পাপসমূহ লিখে দিয়েছেন। অতঃপর তিনি তার ব্যাখ্যাও করে দিয়েছেন। যে ব্যক্তি কোন নেকী করার সংকল্প করে; কিন্তু সে তা কর্মে বাস্তবায়িত করতে পারে না, আল্লাহ তাবারাকা অতা'আলা তার জন্য (কেবল নিয়ত করার বিনিময়ে) একটি পূর্ণ নেকী লিখে দেন। আর সে যদি সংকল্প করার পর কাজটি করে ফেলে, তাহলে আল্লাহ তার বিনিময়ে দশ থেকে সাতশ গুণ, বরং তার চেয়েও অনেক গুণ নেকী লিখে দেন। পক্ষান্তরে যদি সে একটি পাপ করার সংকল্প করে; কিন্তু সে তা কর্মে বাস্তবায়িত না করে, তাহলে আল্লাহ তা'আলা তাঁর নিকট একটি পূর্ণ নেকী হিসাবে লিখে দেন। আর সে যদি সংকল্প করার পর ঐ পাপ কাজ করে ফেলে, তাহলে আল্লাহ মাত্র একটি পাপ লিপিবদ্ধ করেন।

ফুটনোট

(বুখারী ৭৫০১, মুসলিম ১২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=62963

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন